

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১০৩.২৪.৬৩৮

১ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৬ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: রিট পিটিশন নং ৭০৫১/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ
পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭০৫১/২০২৪-এর ০৩/০৬/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলাধীন ৯নং মীরসরাই সদর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য আব্দুল্লাহ আল মামুন-কে গত ২৬/০৫/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.১৫০০.০১৭.২৭.০০২.১৬.৪৭১ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে এ বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার আব্দুল্লাহ আল মামুন সংক্ষুব্ধ হয়ে রিট পিটিশন নং ৭০৫১/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপনের কার্যকারিতা ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়-কে ১নং, জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে ২নং এবং সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখাকে ৩নং প্রতিপক্ষসহ মোট ০৪(চার) জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, বিবেচ্য মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১৬-০৭-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব
০২৫৫১০০৯৯৫
lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১০৩.২৪.৬৩৮/১(৪)

১ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৬ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
- ২। সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।



১৬-০৭-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব